



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৮৫৫


তারিখঃ ২১/০৭/২০১৬ খ্রিস্টাব্দ।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
উপজেলা-----  
জেলা-----।

বিষয়ঃ প্রকল্পের এআরডিও, হিসাব সহকারী, মাঠ সংগঠক ও সমিতির ম্যানেজারের কমিশন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যের নির্ধারিত অংশ হতে এআরডিও, হিসাব সহকারী, মাঠ সংগঠক ও সমিতির ম্যানেজারের কমিশন প্রদানের জন্য স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩১৭৭ তারিখঃ ১৪/১০/২০১৫ ইং, স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩২৯৯ তারিখঃ ০৩/১২/২০১৫ইং স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২২৯৩ তারিখঃ ২৩/১১/২০১৪ ইং মূলে নির্দেশনা প্রদান করা হয়। সমিতিতে বিতরণকৃত সমুদয় ঋণ সেবামূল্যসহ আদায় পরবর্তীতে কমিশন প্রদানের নির্দেশনা থাকলেও লক্ষ্য করা যাচ্ছে কোন কোন উপজেলায় সমিতিতে বিতরণকৃত ঋণ আংশিক আদায়ের উপর কমিশন প্রদান করা হচ্ছে; যা জারীকৃত নির্দেশনা পরিপন্থী। এছাড়া প্রকল্পের অনলাইন সফটওয়্যারে ঋণ গ্রহীতা সুফলভোগীর যেকোন সময়ে ঋণ পরিশোধের ব্যক্তিগত তথ্যের উপর ভিত্তি করে কর্মকর্তা-কর্মচারী ও সমিতির ম্যানেজারদের কমিশন হিসাব করা হয়। এ কারণে প্রকল্পের অনলাইন সফটওয়্যারে কমিশনের হিসাব অনুযায়ী প্রকল্পের কর্মকর্তা-কর্মচারী ও সমিতির ম্যানেজারদের কমিশন প্রদান করা যাবে না।

এমতাবস্থায়, সমিতিতে বিতরণকৃত ঋণ যথাসময়ে সেবামূল্যসহ শতভাগ আদায় হলেই কেবল মাত্র উক্ত সমিতি হতে আদায়কৃত সেবামূল্যের উপর কমিশন প্রদান করা যাবে। অর্থাৎ বিতরণকৃত ঋণ আংশিক আদায়ের উপরে বা বকেয়া থাকলে বা পরবর্তীতে আদায় হলেও সে সমিতির আদায়কৃত সেবামূল্যের উপর কমিশন প্রদান করা যাবে না। এছাড়া সমিতির ঋণ যথাসময়ে পরিশোধ পরবর্তী দ্রুততম সময়ে ম্যানেজার কমিশন প্রদান করতে হবে। পূর্ববর্তী অর্থ বছরে যে সকল সমিতির ঋণ যথাসময়ে শতভাগ পরিশোধ হয়েছে প্রকল্পের কর্মকর্তা-কর্মচারগন শুধুমাত্র সে অর্থ বছরে সেসকল সমিতি হতে আদায়কৃত সেবামূল্যের উপর কমিশন প্রাপ্য হবেন। অর্থাৎ কর্মকর্তা-কর্মচারী কমিশন অর্থ বছর ভিত্তিক নির্ধারিত হবে। সকল কমিশন প্রদানের ক্ষেত্রে প্রকল্পের অনলাইন সফটওয়্যারে কমিশনের হিসাব অনুসরণ না করে ম্যানুয়ালী হিসাব করে কমিশন প্রদান করতে হবে। প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার সংশ্লিষ্ট অনুচ্ছেদ, জারীকৃত পরিপত্রের শর্তাবলী এবং এ পত্রের নির্দেশনা প্রতিপালন না করে কমিশন প্রদান করা হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। অফিস কপি।